

136

দৈনিক জনকণ্ঠ

তারিখ \*\*MAY 4\*\* 1999

পৃষ্ঠা: ৮ কলাম ৫

## ভাওয়াল কলেজ সংসদ

## নির্বাচন না হওয়ায়

## সড়ক অবরোধ ভাংচুর

গাজীপুর, ৩ মে (নিজস্ব সংবাদদাতা) ॥ ভাওয়াল বদরে আলম সরকারী বিশ্ববিদ্যালয় কলেজ ছাত্র সংসদের নির্বাচন নির্ধারিত দিন সোমবার অনুষ্ঠিত না হওয়ায় ছাত্ররা উত্তরাঞ্চলের প্রায় ৪৭টি রুটে ২ ঘণ্টা সড়ক অবরোধ করে রাখে। অবরোধকালে ৮/১০টি গাড়ি ভাংচুর হয়।

জানা গেছে, গাজীপুরস্থ ভাওয়াল বদরে আলম সরকারী বিশ্ববিদ্যালয় কলেজ ছাত্র সংসদের নির্বাচন তারিখ ৩ মে নির্ধারণ করে কর্তৃপক্ষ ইতোপূর্বে নির্বাচনী তফসিল ঘোষণা করে। সে অনুযায়ী ছাত্রদল, ছাত্রসমাজ, ছাত্র ফ্রন্ট ১টি করে ও ছাত্রলীগের ২টিসহ মোট পাঁচটি প্যানেলের মনোনয়নপত্র জমা পড়ে। কিন্তু ছাত্রলীগের একটি প্যানেলের এজিএস প্রার্থী জাহিদুল হক তুহিন অবৈধভাবে মনোনয়নপত্র বাতিল এবং গণহাের অবৈধভাবে ছাত্রছাত্রী ভর্তি করার অভিযোগ এনে প্রথম সিনিয়র সহকারী জজ আদালত, গাজীপুরে একটি মামলা দায়ের করে। আদালতে অবশেষে রবিবার বিষয়টি নিষ্পত্তি হয় এবং পূর্ব নির্ধারিত তারিখ অনুযায়ী সোমবার সকাল হতেই ছাত্রছাত্রীরা ভোট দেয়ার উদ্দেশ্যে ক্যাম্পাসে ভিড় জমাতে থাকে। কিন্তু কলেজ কর্তৃপক্ষ এইচএসসি পরীক্ষার কারণে সোমবার (৩ মে) হতে ১০ জুন পর্যন্ত কলেজ বন্ধ ঘোষণার নোটিস দিলে ছাত্রছাত্রীদের মাঝে উত্তেজনা ছড়িয়ে পড়ে। এক পর্যায়ে কলেজ অধ্যক্ষের একটি সংগঠনের পক্ষে কার্যক্রম পরিচালনার অভিযোগে এবং শীঘ্রই নির্বাচনের দাবি করে ছাত্রছাত্রীরা বিক্ষোভ মিছিল বের করে। ছাত্রদল ও ছাত্রসমাজের কর্মীরা চান্দনা চৌরাস্তা মোড়ে সড়ক অবরোধ করে।